

## শান্তনু বন্দ্যোপাধ্যায় পুজো

একটা ছেলে বনের ধারে থাকে  
সামনে তাদের মস্ত বড় নদী  
সেই ছেলেটার কেইবা খবর রাখে  
শুনবে কি তার গল্প বলি যদি?

মস্ত নদী ভাসছে এখন বানে  
ঘর বাড়ি সব নদীর মধ্যখানে  
সেই ছেলেটা খুঁজছে কেবল মাকে  
খিদের জ্বালায় কাকেই বা আর ডাকে?

অন্যদিকে এখন সবার ঘরে  
পুজোর আমেজ, কাশের হাসি ঝরে  
বাজছে কাঁসর, ঢাকে পড়েছে কাঠি  
খুশির হাসি হাসছে আকাশ মাটি।

সবার গায়ে লাল টুক টুক জামা  
সবাই এখন গাইছে সা রে গা মা  
সেই ছেলেটার পেটটা কিন্তু খালি  
জামা পড়েছে বুকের কাছে তালি।

আনতে যদি পারো ওকে টেনে  
তোমার আমার পুজোর মধ্যখানে  
দুগ্ধা হবেন ধন্য এবং খাঁটি।  
নইলে পুজো একেবারে মাটি।

## ছাড়পত্র

যে শিশু ভূমিষ্ঠ হল আজ রাতে  
তার মুখে খবর পেলুম :  
সে পেয়েছে ছাড়পত্র এক,  
নতুন বিশ্বের দ্বারে তাই ব্যক্ত করে অধিকার  
জনুমাত্র স্মৃতীত্র চীৎকারে ।  
খর্বদেহ নিঃসহায়, তবু তার মুষ্টিবদ্ধ হাত  
উদ্ভোলিত, উদ্ভাসিত  
কী এক দুর্বোধ্য প্রতিজ্ঞায় ।  
সে ভাষা বোঝে না কেউ,  
কেউ হাসে, কেউ করে মৃদু তিরস্কার ।  
আমি কিন্তু মনে মনে বুঝেছি সে ভাষা  
পেয়েছি নতুন চিঠি আসন্ন যুগের—  
পরিচয়-পত্র পড়ি ভূমিষ্ঠ শিশুর  
অস্পষ্ট কুয়াশাভরা চোখে ।  
এসেছে নতুন শিশু, তাকে ছেড়ে দিতে হবে স্থান :  
জীর্ণ পৃথিবীতে ব্যর্থ, মৃত আর ধ্বংসস্তূপ-পিঠে  
চলে যেতে হবে আমাদের ।  
চলে যাব—তবু আজ যতক্ষণ দেহে আছে প্রাণ  
প্রাণপণে পৃথিবীর সরাব জঞ্জাল,  
এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি—  
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার ।  
অবশেষে সব কাজ সেরে  
আমার দেহের রক্তে নতুন শিশুকে  
করে যাব আশীর্বাদ,  
তারপর হব ইতিহাস ॥

# কবি: রবীন্দ্রনাথ ঠাকুর

## ধূলামন্দির

ভজন পূজন সাধন আরাধনা সমস্ত থাক্ পড়ে ।

রুদ্ধদ্বারে দেবালয়ের কোণে কেন আছিস ওরে !

অন্ধকারে লুকিয়ে আপন-মনে

কাহারে তুই পূজিস সংগোপনে,

নয়ন মেলে দেখ্ দেখি তুই চেয়ে— দেবতা নাই ঘরে ।

তিনি গেছেন যেথায় মাটি ভেঙে করছে চাষা চাষ—

পাথর ভেঙে কাটছে যেথায় পথ, খাটছে বারো মাস ।

রৌদ্রে জলে আছেন সবার সাথে,

ধূলা তাঁহার লেগেছে দুই হাতে—

তাঁরি মতন গুচি বসন ছাড়ি আয় রে ধূলার 'পরে ॥

মুক্তি ? ওরে, মুক্তি কোথায় পাবি, মুক্তি কোথায় আছে !

আপনি প্রভু সৃষ্টিবাঁধন প'রে বাঁধা সবার কাছে ।

রাখো রে ধ্যান, থাক্ রে ফুলের ডালি,

ছিঁড়ুক বস্ত্র, লাগুক ধূলাবালি—

কর্মযোগে তাঁর সাথে এক হয়ে ঘর্ম পড়ুক ঝরে ॥